

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, খুলনা

কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, খুলনা জাতীয় রাজস্ব বোর্ডের অধীনস্থ বৃহৎ এলাকাব্যাপী একটি কমিশনারেট। ১৯৯২ সালে শুল্ক ও আবগারী, খুলনা কালেক্টরেট পুনর্গঠনের মাধ্যমে কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, খুলনা সৃষ্টি হয়। পরবর্তীতে ২০১১ সালের ২০ ডিসেম্বর মূসক বিভাগের প্রশাসনিক বিভাজনের ফলে কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, খুলনা পুনর্গঠিত হয়। এ কমিশনারেট পুনর্গঠিত হওয়ার পর হতে সুনামের সাথে রাজস্ব আদায়ের কাজ করে যাচ্ছে। খুলনা শহরের খালিশপুর শিল্প এলাকায় নিজস্ব ভবনে এ দপ্তরের অবস্থান।

কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, খুলনার মঞ্জুরীকৃত পদ : ৮৪৯, বর্তমানে কর্মরত : ২৯৫ এবং শূন্য পদ : ৫৫৪ টি। এ কমিশনারেটে একজন কমিশনারের নেতৃত্বে ০১ জন অতিরিক্ত কমিশনার, ০২ জন উপ-কমিশনার, ০৮ জন সহকারী কমিশনার, ০১ জন সহকারী প্রোগ্রামার, ৪৬ জন রাজস্ব কর্মকর্তা, ৮১ জন সহকারী রাজস্ব কর্মকর্তা এবং কর্মচারী ১৫৫ জন কর্মরত আছেন।

এ কমিশনারেটের অধীনে ১১টি বিভাগীয় দপ্তর, ২৫ টি সার্কেল অফিস, ০২টি শুল্ক স্টেশন, ০১টি ট্রানজিট পয়েন্ট, ০৪টি শুল্ক গুদাম এবং ০৪টি শুল্ক করিডোর রয়েছে। সহকারী কমিশনার পদমর্যাদার একজন কর্মকর্তা বিভাগীয় দপ্তর প্রধান ও রাজস্ব কর্মকর্তা পদমর্যাদার একজন কর্মকর্তা সার্কেল অফিসের প্রধান হিসাবে দায়িত্ব পালন করে থাকেন।